

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ  
আইসিটি শাখা

হাওর কন্যা সুনামগঞ্জের মাছ,  
ধান আর গান

সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে  
প্রাণ

...

সভাপতি	মোহাম্মদ আব্দুল আহাদ জেলা প্রশাসক
সভার তারিখ	১৯/০৫/২০১৯
সভার সময়	বেলা ৩:১৫ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা পর্যায়ের আইসিটি কার্যক্রমের বিভিন্ন উদ্যোগসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) জেলা ও উপজেলা পর্যায়ের যে সকল সরকারি দপ্তরে ই-নথি চালু রয়েছে সে সকল সরকারি দপ্তরের ই-নথির প্রতিবেদনসহ জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের পোর্টালের বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করেন।

সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র/নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	<b>ই-নথি :</b> সভায় জেলা প্রশাসকের কার্যালয়সহ জেলার যে সকল উপজেলা ও সরকারি দপ্তরে ই-নথি কার্যক্রম চলমান রয়েছে সে সকল প্রতিষ্ঠানের ই-নথিতে নিষ্পত্তিকৃত পত্র/নথি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জেলা প্রশাসকের কার্যালয়ের সকল শাখার যাবতীয় পত্রাদি ই-নথিতে নিষ্পত্তির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা পর্যায়ের যে সকল দপ্তরের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে সে সকল দপ্তরকে ই-নথিতে কার্যক্রম বৃদ্ধির জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বর্তমান অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ হতে উপজেলা পর্যায়ের সরকারি অফিসসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জে:প্র:কা:, সুনামগঞ্জ
২.	<b>ওয়েব পোর্টাল হালনাগাদকরণ :</b> সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করা হয়।	সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনার আলোকে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামারকে দায়িত্ব প্রদান করা হয়।	সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জে:প্র:কা:, সুনামগঞ্জ

৩.	জাতীয় ই-গভ:নেটওয়ার্ক ব্যবহার : সভায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভ:নেট এবং ইন্ট্রা-নেটওয়ার্ক এর আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরে নেটওয়ার্ক সংযোগ প্রদান করা হয়েছে সে সকল অফিসের নেটওয়ার্কের বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করা হয়।	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভ:নেট এবং ইন্ট্রা-নেটওয়ার্ক এর আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরে নেটওয়ার্ক সংযোগ প্রদান হয়েছে সে সকল দপ্তরের প্রধানদের ইন্টারনেটের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে স্থাপিত ডিডিও কনফারেন্সিং সিস্টেম সার্বক্ষণিক সচল রাখা এবং জাতীয় ই-গভ:নেটওয়ার্ক এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হয়	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ
৪.	ইউডিসি সংক্রান্ত : সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	যে সকল ইউনিয়নের পোর্টাল এখনও হালনাগাদ করা হয়নি সে সকল ইউনিয়নের পোর্টালগুলি দ্রুত হালনাগাদের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া আগামী জুন/২০১৯ মাসে সিলেট বিভাগীয় উদ্যোক্তা সম্মেলনে জেলার সকল উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিতের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার
৫.	মাল্টিমিডিয়া ক্লাসরুম : সভায় অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাসবোর্ড মনিটরিং বিষয়ে আলোচনা করা হয় এবং প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করার বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে উক্ত প্রতিষ্ঠানের প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং অনলাইনে তথ্যাদি আপলোড করার জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া যে সকল প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্থানীয় উদ্যোগে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

signature

মোহাম্মদ আব্দুল আহাদ  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০১৪.১৬.১০৪(২৫)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৬

০৩ জুন ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৪) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৫) জনাব....., সুনামগঞ্জ
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..... সুনামগঞ্জ

signature

মোহাম্মদ আব্দুল আহাদ

জেলা প্রশাসক